

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

গোপনীয়

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকাঃএইচআরএমডঃ১ঃ১৩৫০২(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/

তারিখঃ ২৫.০২.২০২০ খ্রি:

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ মনোয়ার হোসেন, পরিদর্শক (সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর, ইতঃপূর্বে বিকেবি, হিজলগাড়ী শাখায় পরিদর্শক (ক্যাশের দায়িত্বে) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (গ), (ঘ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, পলায়ন ও আঘাসাতপূর্বক তহবিল তসরূপসহ প্রতারণামূলক অপরাধের জন্য ২৬/১৮-১৯ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রক্তু করিয়া অত্র বিভাগের ১৯.০২.২০১৯ খ্রি: তারিখের প্রকাঃএইচআরএমডঃ১ঃ১৩৫০২/ ২০১৮-২০১৯/২৬০১ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তাত্ত্বে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষ্ঠানিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ মনোয়ার হোসেন আপনাকে আপনার বিরুদ্ধে প্রামাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদণ্ডে দণ্ডিত করা হইবে না- এই মর্মে অত্র বিভাগের ০৮.১২.২০১৯ খ্রি: তারিখের প্রকাঃএইচআরএমডঃ১ঃ১৩৫০২(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/১৫৭১ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শনো নোটিশ জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন, অদক্ষতা, আঘাসাত, তহবিল তসরূপ/প্রতারণামূলক অপরাধের দায়ে আপনি জনাব মোঃ মনোয়ার হোসেন আপনাকে দোষী সাব্যস্ত করতঃ সর্বোচ্চ গুরুত্ব দণ্ড তথা চাকুরী হইতে বরখাস্ত প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষীয় উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনি জনাব মোঃ মনোয়ার হোসেন আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন, অদক্ষতা, আঘাসাত, তহবিল তসরূপ/প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (খ)(উ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ মনোয়ার হোসেন আপনাকে চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ মনোয়ার হোসেন (এম-৩৩৯৭)

পরিদর্শক (বরখাস্তকৃত)

বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক কার্যালয়

মেহেরপুর।

স্বাক্ষরিত

(মোঃ আবু ছাদেক মিয়া)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডঃ১ঃ১৩৫০২(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/ ২১৪৮ (১)

তারিখঃ ২৫.০২.২০২০ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দণ্ডে, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি বাংলাদেশ ব্যাংকের Corporate Memory Management System (CMMS) এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ মনোয়ার হোসেন এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, চুয়াডাঙ্গা।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, হিলজগাড়ী শাখা, চুয়াডাঙ্গা।
- ১২। নথি/ মহানথি / মূলনথি।

২৫/০২/২০২০
(মোঃ আবু ছাদেক মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক